মাতৃভাষায় বাংলাদেশ

- আব্দুস শহীদ নাসিম

মাতৃছায়ার বাংলাদেশ

আবদুস শহীদ নাসিম

মাতৃছায়ার বাংলাদেশ

আবদুস শহীদ নাসিম

www.pathagar.com

মাতৃছায়ার বাংলাদেশ

আবদুস শহীদ নাসিম

© Author

ISBN : 984-645-039-X

শ প্র. ৫৮

প্রকাশক

শতাব্দী প্রকাশনী
৪৯১/১ মগবাজার ওয়ারলেস রেলগেইট
ঢাকা-১২১৭, ফোন : ৮৩১১২৯২

প্রকাশকাল

ফেব্রুয়ারি ২০০৭
ফাল্গুন ১৪১৩

মুদ্রণে

আল ফালাহ প্রিন্টিং প্রেস
৪২৩ বড় মগবাজার, ঢাকা-১২১৭

দাম : ২২.০০ টাকা

Matrichayar Bangladesh (Bangla [illegible] young) by Abdus Shaheed Naseem. Published by Shatabdi Prokashoni, [illegible] Moghbazar Wireless Railgate, Dhaka-1217, Bangladesh. Phone : 8311292. 1st Edition [illegible]

www.pathagar.com

সূচিপত্র

০১.	মাতৃছায়ার বাংলাদেশ	০৫
০২.	পণ করেছি	০৬
০৩.	মাগো আমায় দু'আ করো	০৭
০৪.	প্রভুর দয়া বাংলাদেশ	০৮
০৫.	বাংলা তুমি	১০
০৬.	দেখতে কী যে ঢঙ্	১২
০৭.	দুস্‌রা নাই	১৪
০৮.	জয় এসেছে ইসলামের	১৬
০৯.	ভোর সকালে	১৮
১০.	ভাজা ছড়া	১৯
১১.	চাঁদপুরের লন্‌চ্ ঘাট	২০
১২.	ষাঠ কর্মীর হিসাব নিকাশ	২২
১৩.	মুসলিম আমি	২৪
১৪.	কোথায় আমার কামিয়াবি?	২৫
১৫.	মালিক আমার	২৬
১৬.	[illegible] বাংলাদেশ	২৭
১৭.	Our Identity	২৮
১৮.	[illegible] দেশ	৩০
১৯.	[illegible]	৩২

www.pathagar.com

কাঁচা সোনার দেশটি গড়ার
স্বপ্ন জাগে যাদের মনে,
বইটি আমার ছড়ার মালায়
জুড়ে দিলাম তাদের সনে।

www.pathagar.com

মাতৃছায়ার বাংলাদেশ

আশ্বিন কার্তিক মাঘের দেশ
চিত্রা হরিণ বাঘের দেশ
রৌদ্র বৃষ্টি খরার দেশ
শরত বর্ষার বাংলাদেশ।

নীল আকাশে তারার দেশ
সত্য সঠিক ধারার দেশ
গর্জে উঠা যুবার দেশ
সুন্দর বনের বাংলাদেশ

পদ্মা মেঘনা সুরমার দেশ
সিলেট চাটগাঁ খুলনার দেশ
কক্স বাজার পাবনার দেশ
মেট্রো ঢাকার বাংলাদেশ।

বিশ্ব জগত ঘোরার দেশ
অজানাকে জানার দেশ
বিশ্ব নবীর শিষ্য দেশ
বীর সেনানীর বাংলাদেশ।



www.pathagar.com

পণ করেছি

আমরা যুবক পণ করেছি
দল করেছি যুদ্ধ করার,
আমরা নবীন পণ করেছি
সমাজটাকে শুদ্ধ করার।

ন্যায্য নীতির গড়বো সমাজ
ছাড়বো সবাই অন্যায়,
মন্দ কর্মের শেকড় কেটে
ভাসিয়ে দেবো বন্যায়।

www.pathagar.com

মাগো আমায় দু'আ করো

মাগো আমায় দু'আ করো প্রাণটা খুলে :
আমি যেন
কুরআন পড়ি
কুরআন বুঝি
তারই বাতি জ্বালাই কেবল হৃদয়-মূলে।
মাগো আমায় দু'আ করো দু'হাত তুলে :
আমি যেন
লিখে পড়ে
জীবন গড়ে
আল্লাহর কথা কস্মিনকালে যাইনা ভুলে।
মাগো আমায় দু'আ করো দিলটা খুলে :
আমি যেন
আল্লাহর পথে
অটল থাকি
জীবনটাকে তাঁরি তরে দেইগো তুলে।
মাগো আমায় দু'আ করো মনটা খুলে :
আমার কাজে
[illegible]
দীন দুখীজনে
জীবন জুড়ে [illegible]টান দুই কূলে।

www.pathagar.com

প্রভুর দয়া বাংলাদেশ

কাঠির দেশ লাঠির দেশ
মাটির দেশ খাঁটির দেশ,
ঘাটির দেশ পাটির দেশ
ভাটির দেশ বাংলাদেশ।

ভাতের দেশ মাছের দেশ
তাঁতের দেশ গাছের দেশ,
সাতের দেশ পাঁচের দেশ
ঘাতের দেশ বাংলাদেশ।

ধনের দেশ জনের দেশ
কনের দেশ মনের দেশ,
পনের দেশ রণের দেশ
বনের দেশ বাংলাদেশ।

ঘরের দেশ ঝড়ের দেশ
চরের দেশ গড়ের দেশ,
দরের দেশ করের দেশ
স্বরের দেশ বাংলাদেশ।

www.pathagar.com

আতার দেশ পাতার দেশ
খাতার দেশ ছাতার দেশ,
জাঁতার দেশ রাতার দেশ
দাতার দেশ বাংলাদেশ।

শাড়ির দেশ মাড়ির দেশ
গাড়ির দেশ বাড়ির দেশ,
খাঁড়ির দেশ ফাঁড়ির দেশ
নাড়ির দেশ বাংলাদেশ।

দাদার দেশ দাদীর দেশ
নানার দেশ নানীর দেশ,
বাবার দেশ মায়ের দেশ
ভাই বোনের বাংলাদেশ।

ধর্মে ধর্মে দলাদলির
তাইরে নাইরে লেশ্,
এই আমাদের সবার সেরা
প্রভুর দয়া বাংলাদেশ।

www.pathagar.com

বাংলা তুমি

আকাশ মাটি সাগর নদী
পাহাড় পর্বত জলা ভূমি,
মশা মাছি জীব-জানোয়ার
ঝিল পুকুরের বাংলা তুমি।

হলুদ মরিচ কালো জিরা
মুগ মুশুরি মাশ্ কালাই,
কুসুর মাড়াই চিনি বানাই
খেজুর গাছের রস্ জ্বালাই।

আম আনারস জাম পেয়ারা
শাপলা শালুক কদমা কদু,
মাঘের শেষে ফাগুন মাসে
শর্ষে ফুলের অমল মধু।

www.pathagar.com

ক্ষিরা খেজুর কুল কমলা
চিনি চাপা মায় কলা,
সাগর কলা শবরি কলা
বাংগি বরই জায় ফলা।

জীব জানোয়ার পাখ্ পাখালি
বন বনানি গাছ গাছালি,
ফল ফলারি ফুল পরাগি
দীন দুনিয়ার পাঁচ পাঁচালি।

গাঁজর কপি মিষ্টি আলু
রসুন পেয়াজ ডাল পটেটো,
মটর শুঁটি চীনা বাদাম
নানা জাতের লাল টমেটো।

www.pathagar.com

দেখতে কী যে চঙ

নয়ন পুরের
কাজির হাটে
সকাল বেলা
বিকাল বেলা
মাছের হাটের
পূর্ব পাশে
নাজির আলীর
ভাড়া বাড়ির
ওয়াল ঘেঁষে
ঝুঁপ্‌টি খুলে
চুপটি করে
ছেঁড়া ফাটা
বসন পরে
রোজই বসে
বসিকপুরের
বন্য একটা সঙ

www.pathagar.com

জাতির জ্ঞাতির
ঘোড়া হাতির
রাজা রাণী
কানা কানী

শেখের নাতি
জিয়ার বাতি
হারা জেতা
নেত্রী নেতা
নোয়াব বাড়ির
ভাঙ্গা গাড়ির
যাত্রা দলের
গেঁড়া কলের
বহর নিয়ে
বসে গিয়ে
ভক্ত সেজে
দেখতে কী যে ঢঙ্!!
বন্য একটা সঙ্!!

www.pathagar.com

দুসরা নাই

আম নাই খাস্ নাই
কাম নাই দাম নাই।

মেঘ নাই বৃষ্টি নাই
ত্যাগ নাই সৃষ্টি নাই।

ইষ্টি নাই মিষ্টি নাই
দৃষ্টি নাই কৃষ্টি নাই।

পিতা নাই মিতা নাই
মাতা নাই ছাতা নাই।

রবি নাই রশ্মি নাই
কবি নাই কাব্য নাই।

বাতি নাই জ্যোতি নাই
নাতি নাই জাতি নাই।

কালো নাই আলো নাই
টালো নাই ভালো নাই।

উক্তি নাই যুক্তি নাই
চুক্তি নাই ভক্তি নাই।

দৃষ্টি নাই মুষ্টি
নাই নাই নাই।

www.pathagar.com

পতি নাই গতি নাই
সতী নাই স্বস্তি নাই।

ধর্ম নাই চর্ম নাই
কর্ম নাই বর্ম নাই।

আতা নাই দাতা নাই
নেতা নাই মাথা নাই।

ভক্ত নাই ভক্তি নাই
সত্য নাই শক্তি নাই।

পালা নাই মালা নাই
আলা নাই জ্বালা নাই।

দেখি নাই শুনি নাই
জানি নাই মানি নাই।

মহি ভাই কহি যাই
অহি নাই সহি নাই।

www.pathagar.com

জয় এসেছে ইসলামের

ঢেউ এসেছে ইসলামের
দিন এসেছে ইসলামের,
জয় এসেছে ইসলামের
ভয় গিয়েছে ইসলামের।

আয় মেয়েরা আয় ছেলেরা
আঁধার ছেড়ে আলোর পথে,
জল্‌দি করে আয়রে তোরা
সত্য পথে ইসলামের।

আঁধার টুটে আস্‌ছে আলো
ভুলের চলা নয়রে ভালো,
বাতিল ছেড়ে এসে পড়ো
আলোর পথে ইসলামের।

পুঁজিবাদ মুর্দাবাদ
নায়কবাদ গায়কবাদ–
সব বাদ ছেড়ে এসো
আল্লাহর পথে ইসলামে

www.pathagar.com

মার্কসবাদ ফ্রডবাদ
অস্ত্রবাদ বর্ণবাদ
লাথি মেরে এসে যাও
মুক্তির পথে ইসলামের।

তন্ত্রবাদ মন্ত্রবাদ
ধর্মবাদ বর্মবাদ
ভেজাল ছেড়ে পথ ধরো
খাঁটি পথ ইসলামের।

ঢেউ এসেছে ইসলামের
দিন এসেছে ইসলামের
জয় এসেছে ইসলামের
ভয় গিয়েছে ইসলামের।

www.pathagar.com

ভোর সকালে

পাখি ডাকা ভোর সকালে
জেগে ওঠে কে?
এশার সালাত আদায় করে
শুইয়ে পড়ে যে।

সকাল বেলা শুয়ে থাকা
নয়তো ভালো কাজ,
মেলা রাতে জেগে থাকা
নয়তো সঠিক কাজ।

রাতের বেলা তাড়া কিসের
ঘুমাও সবাই ঘুম,
ভোর বিহানে জেগে ওঠো
দাও তাড়িয়ে ঘুম।

সকাল বেলা পড়ার সময়
শান্ত থাকে মন,
সকাল বেলা পড়া লেখার
করো সবে পণ।

আল্লাহর নামে ভোর বিহানে
করো কলোরব,
সালাত পড়ো কুরআন পড়ো
পড়ো ক'রে রব।

www.pathagar.com

ভাজা ছড়া

চিত্ত-সুতার নিত্য দেখি
ভৃত্য সাজে চিত্ত সে কি!
হস্তি দিয়ে বস্তি ভাঙ্গে
নস্তি এবার স্বস্তি মাঙ্গে!
পর্দা-নীরা জর্দা রাঁধে
মর্দা-নীরা মস্ত ফাঁদে!
কুষ্ঠ রোগে রুষ্ট হাসি
দুষ্ট নাতির মিষ্ট হাসি!
ঘৃত্য খেয়ে নৃত্য চলে
কৃত্য দেখে পিত্ত জ্বলে!
স্রষ্টা নয় সে দ্রষ্টা হবে
ভ্রষ্টা যতো নষ্টা হবে!
কর্তা নাহি প্রীত হলে
মৃত হবে ধৃত হলে!
চিত্র তোমার মিত্র সম
অস্ত্র তোমার বস্ত্র মম!

www.pathagar.com

চাঁদপুরের লন্চ ঘাট

আমাদের কালে ঢাকা-চাঁদপুর লন্চ্ চলতো
হাতে গোণা কয় খানা,
আগে পরে পায়ে হাঁটা ভাড়া লাগতো
এক টাকা চার কি ছ'আনা।

সেই কালে চাঁদপুর ঘাটে হোটেল ছিলো
কমবেশি তিন কি চার খানা,
যাত্রী এলেই ডাকা ডাকি টানাটানি
আইয়্যেন ভাই খাইয়া যান খানা।

ভাত খান বইয়েন, বইয়েন ভাই-ডাইল হিরি
বইয়েন মাছ-ভাত চাইর আনা,
ফোঁ-ফোঁ ভেপু বাজে-না জানি যায় ছাড়ি!
দেরি আছে–কইরে রানা!

ভাতদে হেট ভরি খান ডাইল হিরি নেন নেন
দে-মাছ দে আর কয়খানা,
জলদি খান ঢাকার লন্চ্ ছাড়ি যায় আত্ ধো
দেন এক টাকা চাইর আনা।

চার আনা বলি ডাকি আনি এতো টাকা চাস্
ভাত তিন বাটি মাছ ছয়খানা
দেন দেন এক টাকা চাইর আনা ফোঁ-ফোঁ-
হারাইলেন কইলাম লন্চ্ খানা!

www.pathagar.com

লঞ্চে কততো গল্প-গুজব আসর মাতে
সেন্টুর চোখে কান্না,
পকেট মার পাশে বসে দুঃখী হয়ে
বলে তারে খান্‌না–

এই যে পান আমিও খাই আপনিও খান
শান্ত হন ভুলে যান কান্না।
সেন্টু মিয়া পান্‌টা খেয়ে চেত্‌না হারান
ঘুম পাড়েন ঘন্টা তিন টানা।
জেগে দেখেন সদর ঘাটে পড়ে আছেন
শূন্য তাহার পকেট খানা।

ঠকের দেশে বোকা সেন্টু ধোকা খেয়ে ভাবে :
এই আমার দেশ খানা!
সুনাগরিক গড়তে এবার করতে হবে
মানুষ তৈরির কারখানা!

www.pathagar.com

মাঠ কর্মীর হিসাব নিকাশ

নেত্রী নেতার
হুকুম পেলেই রাস্তা ঘাটে
ক্ষুব্ধ কণ্ঠে দ্রোহ মিছিল
রোদ্ বাদলে নামায় কারা?

পুলিশ র‍্যাবের
ডাণ্ডা পেটায় হাড্ডি ভেংগে
অশ্রু গ্যাসে দগ্ধ চোখে
বুটের তলায় পিষ্ট কারা?

ধরা খেয়ে
পুলিশ ভ্যানে গাদাগাদির
কোট কাচারি মামলা বাজির
হরহামেশা শিকার কারা?

দোযখ সম
ডিটেনশনের কষ্ট জ্বালায়
কারাগার আর হাজত খানায়
ওষ্ঠে উঠায় জীবন কারা?

বন্দী হলে
নেত্রী নেতা আপনা ছাড়া
[illegible]
মুক্তি মেলন দোলায় কারা?

www.pathagar.com

নেত্রী নেতার
গদ্দি লাভের ঝট্ ঝামেলায়
পিকেটিং আর বোমা মারায়
রক্ত ঘর্ম ঝরায় কারা?

আমরা হাযির
বল্লার চাকে পাথর মারায়
জেতার যুদ্ধে জীবন দেয়ায়
স্বার্থ ত্যাগী মাঠ কর্মীরা।

কিন্তু বলি
গদ্দি পেলে সবার কথা
ভুলে গিয়ে সর্বখানে
বাবা মার্কা লাগায় কারা?

দেশের স্বার্থ
কবর দিয়ে কোষাগারের
টেকা পয়সা গোত্র গোষ্ঠীর
পেট পকেটে ঢোকায় কারা?

www.pathagar.com

মুসলিম আমি

তার চেয়ে উত্তম কথা কার?
যার কথা হয়
নিয়ত নিষ্ঠার সাথে
মানুষকে আল্লাহর দিকে ডাকার?
মধ্য পথ ধরে মুমিন তার
কাজ করে যায় শুদ্ধতার,
দৃপ্ত কণ্ঠে বলে যায়
দুর্নিবার :
মুসলিম আমি অনুগত আল্লার।

মুসলিম সে তো চালায় জীবন
কুরআনের পথে
সে কি কখনো চড়তে পারে
শয়তানের রথে?

www.pathagar.com

কোথায়
আমার কামিয়াবি?

আমি
আমার টেবিল
আমার চেয়ার
নিরিবিলি বসে ভাবি :
আমার ডাইরি কলম
পান্ডুলিপি
কোথায় আমার কামিয়াবি?

আমার
জীবন সাথি
ছেলে মেয়ে
নাতি,
অর্থ কড়ি
জমা জমি গাড়ি বাড়ি
কোথায় আমার কামিয়াবি?

আমার
আসন ভাষণ
পদ পদবী
নাম যশ খ্যাতি
গুণ গ্রাহী
গোত্র-জ্ঞাতি
কোথায় আমার কামিয়াবি?

www.pathagar.com

মালিক আমার

মালিক আমার
মনিব আমার
এই জগতে দাও ভালো!

চালক আমার
পালক আমার
পরজগতে দাও ভালো!

দোযখ থেকে
বাঁচাও প্রভু
দুই জগতে দাও ভালো!

ক্ষমা করো
মালিক আমার
যুলুম যতো
করেছি নিজের তরে।

ক্ষমা যদি
নাই করো
পড়বো গিয়ে
প্রভু নরকের ঘরে।

www.pathagar.com

বীর জনতার বাংলাদেশ

বাংলাদেশের যুবক যত
জগত জুড়ে কর্মরত
দেশ বিদেশে ঘর্মরত
হাজার হাজার লক্ষ শত
বিশ্বটাকে গড়ায় রত।
কিন্তু কেবল প্রতিবেশীর
দূরাচারে মর্মাহত।

সীমান্তে কেউ উঁকি দিলে
আইলের খুঁটি নাড়া দিলে
ব্যঘ্র সিংহের বাংলাদেশ।
দস্যু ডাকাত পা বাড়ালে
শিয়াল কুকুর লেজ নাড়ালে
বাঁশের লাঠির শক্ত ঘাঁটির
বীর জনতার বাংলাদেশ।

দেশ আমার ভেসে আছে
তেল ফুয়েল আর গ্যাস খণিতে
মিঠা পানি পলি মাটি
গরু মোষের দুধ-ননীতে,
ভোর বিহানে ঘুম ভেঙে যায়
কাক কোকিলের চিল দোয়েলের
মিষ্টি মধুর [illegible]নিতে।

www.pathagar.com

OUR IDENTITY

We the children of Baba
Adam Safiullah
Our greatest leader is
Muhammad Rasulullah.

We the Muslim, our protector
Almighty Allah
We the followers of
Muhammad bin Abdullah.

We love our great leader
Ibrahim Khalilullah
We honour highly
Musa Kalimullah.

We feel honour for
Ismail Zabihullah
We do believe in the Prophethood of
Isa Ruhullah.

www.pathagar.com

Islam, the Islam is our
Only way of life
In hereafter we believe in
An eternal life.

To satisfy our Lord
We devote our life,
We die and live for an
Happy eternal life.

We the Muslim neither
Sunni nor shiah,
We only followr of the
Khatamul Ambiah.

www.pathagar.com

আমার দেশ তোমার দেশ

আমার দেশ তোমার দেশ
ধানের দেশ গানের দেশ
জানের দেশ মানের দেশ
প্রাণের দেশ বাংলাদেশ।

ফলের দেশ ফুলের দেশ
দুলের দেশ চুলের দেশ
রুলের দেশ কুলের দেশ
মূলের দেশ বাংলাদেশ।

বউয়ের দেশ ঝিয়ের দেশ
বিয়ার দেশ মিঞার দেশ
দিয়ার দেশ টিয়ার দেশ
হিয়ার দেশ বাংলাদেশ।

'ক'-এর দেশ 'খ'-এর দেশ
'গ'-এর দেশ 'ন'-এর দেশ
কলের দেশ বলের দেশ
ঢলের দেশ বাংলাদেশ।

www.pathagar.com

আঁকের দেশ বাঁকের দেশ
শাকের দেশ টাকের দেশ
চাকের দেশ ঝাঁকের দেশ
লাকের দেশ বাংলাদেশ।

আয়ের দেশ দায়ের দেশ
চায়ের দেশ টায়ের দেশ
না-এর দেশ হাঁ-এর দেশ
গাঁয়ের দেশ বাংলাদেশ।

বকের দেশ রকের দেশ
ঢকের দেশ টকের দেশ
চকের দেশ হকের দেশ
সখের দেশ বাংলাদেশ।

বিলের দেশ ঝিলের দেশ
নীলের দেশ চিলের দেশ
তিলের দেশ মিলের দেশ
মিলের দেশ বাংলাদেশ।

www.pathagar.com

শাস্তি তুমি দিওনা প্রভু

হে আমাদের মালিক!
শাস্তি তুমি দিওনা প্রভু,
যদি করি ভুল কিংবা
যদি করে ফেলি অপরাধ কভু!

আমাদের উপর চাপিয়োনা
এমন বোঝা কভু,
যে রকম চাপিয়েছিলে
অতীত লোকদের প্রভু।

আমাদের ঘাড়ে দিওনা
এমন বোঝা কভু,
টেনে নেয়ার সাধ্য যা
আমাদের নাইগো প্রভু।

মাতৃছায়ার বাংলাদেশ

আবদুস শহীদ নাসিম